

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৪০.২২-০২৬

তারিখ: ৩০/০১/২০২৩

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা সদর উপজেলা হতে প্রেরিত ডে বুক রেজিস্ট্রার, শিটিং শীট, ব্যাংক জমা রশিদ, জমা খরচ বহি, ব্যাংক স্টেটমেন্ট এবং সফটওয়্যারে তথ্য পর্যালোচনায় দেখা যায় সুফলভোগী হতে ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত অর্থ ব্যাংকে জমাদানের পূর্বে সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে, যা প্রকল্প/কর্মসূচি'র নির্দেশনা পরিপন্থী। বর্ণিত প্রক্রিয়ায় সুফলভোগী হতে আদায়কৃত অর্থ ব্যাংকে জমা প্রদানের পূর্বে সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হলে হিসাব সংরক্ষণ প্রক্রিয়া/যাচাইকালে জটিলতা সৃষ্টিসহ হস্তমজুদ/আত্মসাৎ করার সুযোগ তৈরী হয় মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়। এমতাবস্থায়, প্রকল্প/কর্মসূচি'র নির্দেশনা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।

  
মোঃ সাইদেকুর রহমান  
উপ প্রকল্প পরিচালক

জনাব মাসুদুর রহমান  
হিসাব সহকারী  
ইরেসপো, বিআরডিবি,  
সদর, মাগুড়া

**অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :**

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ মাগুড়া।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ মাগুড়া।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুড়া।

**সদয় জ্ঞাতার্থেঃ**

১. কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি।